গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
জাতীয় সমাজসেবা একাডেমি
ই-৮/বি-১, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.nass.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০১৮.০০০.২২.০০০১.২৫. ১৪

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ / ৩০ ডিসেম্বর ২০২৫

**পরিপত্র**

**বিষয়: জাতীয় সমাজসেবা একাডেমি ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহের পরিচালনা নির্দেশিকা- ২০২৫ অনুসরণ প্রসঙ্গে।**

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদপ্তরের পরিচালনায় জাতীয় সমাজসেবা একাডেমি ও এর অধীনস্থ আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহে প্রশিক্ষণ কার্যক্রমকে আরো সুশৃঙ্খল, যুগোপযোগী, মানসম্মত ও কার্যকরভাবে পরিচালনার লক্ষ্যে যথাযথ প্রক্রিয়া অনুসরণ ও সংশ্লিষ্ট অংশীজনের মতামতের আলোকে **"জাতীয় সমাজসেবা একাডেমি ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহের পরিচালনা নির্দেশিকা-২০২৫"** প্রণয়ন করা

২। উক্ত নির্দেশিকায় জাতীয় সমাজসেবা একাডেমি ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহের প্রশাসনিক কাঠামো, প্রশিক্ষণ পরিকল্পনা ও বাস্তবায়ন, প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকের দায়িত্ব-কর্তব্য, আর্থিক ব্যবস্থাপনা, শৃঙ্খলা ও আচরণবিধি, জবাবদিহিতা এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত দিকনির্দেশনা সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে। জাতীয় সমাজসেবা একাডেমি ও সকল আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ ও সংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে উপর্যুক্ত পরিচালনা নির্দেশিকা- ২০২৫ যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য, ইতোপূর্বে জাতীয় সমাজসেবা একাডেমি ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহের পরিচালনা ও প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত বিষয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদপ্তর হতে জারিকৃত যেসকল পরিপত্র, নির্দেশনা ও আদেশ এই নির্দেশিকার সাথে সাংঘর্ষিক, সে সকল পরিপত্র, নির্দেশনা ও আদেশ উক্ত অংশে বাতিল বলে গণ্য হবে। তবে যেসকল বিষয় এই নির্দেশিকায় অন্তর্ভুক্ত নয় এবং সাংঘর্ষিকও নয়, সেক্ষেত্রে পূর্ববর্তী পরিপত্র ও নির্দেশনা প্রযোজ্য বলে বিবেচিত হবে।

৪। এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

৩০.১২.২০২৫

মোঃ সাইদুর রহমান খান
মহাপরিচালক

**বিতরণ:**
**সদয় অবগতির জন্য:**
১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**কার্যার্থে:**
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়,............ (সকল)।
৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,............ (সকল)।
৪। উপপরিচালক (গবেষণা, প্রকাশনা, মূল্যায়ন ও জনসংযোগ), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৫। অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি, ঢাকা। (অনুমোদিত নির্দেশিকার মুদ্রিত কপি বিতরণ এবং মূলকপি সংরক্ষণ করবেন)
৬। উপপরিচালক/অধ্যক্ষ, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ................. (সকল)।
৭। সংশ্লিষ্ট সকল।

Scanned with CamScanner